

২০১৩
বাংলা

চতুর্থ পত্র

সময়-৯০

সময়-৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলি সমমূল্য

বিভাগ - ক

(আধুনিক বাংলা কবিতা)

(পর্যায় ১ - ৩)

- ১। যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবিতায় শৈব চেতনার যে পরিচয় পাও তা আলোচনা করো। ১৫

অথবা

‘দুঃখবাদী’ কবিতা অবলম্বনে যতীন্দ্রনাথের দুঃখবাদী ভাবনার পরিচয় দাও।

- ২। বাংলা প্রেমের কাব্যধারায় ‘বনলতা সেন’ সম্পূর্ণ নতুন প্রেমচেতনার কবিতা— আলোচনা করো। ১৫

অথবা

জীবনানন্দের স্বদেশপ্রেমের পরিচয় ‘আবার আসিব ফিরে’ কবিতায় যেভাবে প্রকাশিত হয়েছে, বিশ্লেষণ করে দেখাও।

- ৩। সুধীন্দ্রনাথ দত্তের কাব্যাদর্শ ও জীবনদর্শনের কিছু নিদর্শন ‘উটপাখি’ কবিতায় পাওয়া যায়, আলোচনা করে দেখাও। ১৫

অথবা

বুদ্ধদেব বসুর ‘প্রত্যহের ভার’ কবিতায় ‘অমর্ত্য অতিথিক্ষণ’-এর ভূমিকা কবি যে কাব্যিক ভাষায় উপস্থাপন করেছেন, তার সম্যক পরিচয় দাও।

[Turn over

বিভাগ - খ

(উপন্যাস)

(পর্যায় ৪ - ৭)

যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ৪। “হাঁসুলী বাঁকের উপকথা”-কে এপিক নভেল রূপে গ্রহণ করা যায় কিনা সে প্রসঙ্গে সতথ্য বিশ্লেষণ করো। ১৫

অথবা

“হাঁসুলী বাঁকের উপকথা” উপন্যাসের দুটি চরিত্র বনমালী ও করালীর যে দ্বন্দ্ব, তার মধ্যে নিহিত লেখকের সমাজদৃষ্টির পরিচয় দাও।

- ৫। “পুতুল নাচের ইতিকথা” উপন্যাসের কাহিনী ও ঘটনা অনুসরণে নামকরণের যথার্থ্য নির্দেশ করো। ১৫

অথবা

বাংলা উপন্যাসে প্রথম যথার্থ নিঃসঙ্গ নায়ক শশী—“পুতুল নাচের ইতিকথা” উপন্যাসে অবলম্বনে মন্তব্যটি প্রতিষ্ঠা করো।

- ৬। “আরণ্যক” উপন্যাসে সত্যচরণের জীবনে নগর ও আরণ্যক জীবনের দ্বন্দ্ব কীভাবে প্রকাশ পেয়েছে তা বিবৃত করো। ১৫

অথবা

“আরণ্যক” উপন্যাসে রাজু পাঁড়ে ও মটুকনাথ পাঁড়ে চরিত্রদুটির উপস্থাপনা ও প্রাসঙ্গিক তাৎপর্য ব্যাখ্যা করো।

- ৭। "Lalsalu tells a story very much close to that of our own lives"— আজিজ আমিরুলের এই মন্তব্যের আলোকে “লালসালু” উপন্যাসে তৎকালীন সমাজ ও সময়ের ছবি কীভাবে ফুটে উঠেছে, আলোচনা করো। ১৫

অথবা

“লালসালু” উপন্যাসে মজিদ চরিত্রের গুরুত্ব ও ভূমিকা নির্দেশ করো।

২০১৪

বাংলা

চতুর্থ পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ৯০

দক্ষিণপ্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক

প্রশ্নগুলি সমমূল্য

বিভাগ-ক

(আধুনিক বাংলা কবিতা)

- ১। কবি যতীন্দ্রনাথ একাধারে রবীন্দ্রবিরোধী আবার রবীন্দ্রভক্ত — এই আপাতবিরোধী মন্তব্যের যৌক্তিকতা ব্যাখ্যা করো। ১৫

অথবা,

যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবিতায় গণচেতনার যে পরিচয় আছে তা 'ফেমিন রিলিফ' কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও। ১৫

- ২। 'আরো এক বিপন্ন বিশ্বয়

আমাদের অন্তর্গত রক্তের ভিতর খেলা করে,

আমাদের ক্লাস্ত, ক্লাস্ত করে'—

জীবনানন্দ দাশের 'আট বছর আগের একদিন' কবিতার অনুসরণে 'বিপন্ন বিশ্বয়' কথাটির তাৎপর্য ব্যাখ্যা করো। এই কবিতায় আত্মহত্যাকারী মানুষটির আত্মহত্যার কারণ আলোচনা প্রসঙ্গে কবির জীবনভাবনার স্বরূপ বুঝিয়ে দাও। ৫+১০

অথবা,

জীবনানন্দ শুধু বিষাদ ও অন্ধকারের কবি নন, তাঁর কবিতায় উত্তরণের আকাঙ্ক্ষা তথা আলোকভিসার দৃষ্ট হয়। —মন্তব্যটি বিশদ করো। ১৫

- ৩। কবি অমিয় চক্রবর্তীর 'চেতন স্যাকরা' সং শিল্পসৃষ্টির ধ্যানে নিবিষ্ট জাগ্রত চেতন্যবোধক—উক্ত কবিতা অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও। ১৫

অথবা,

'ঘোড়সওয়ার' কবিতায় বিশ্বমহায়ুদ্ধ সংক্রান্ত বিপন্নতাবোধ শেষপর্যন্ত বিশ্ববিজয়ী চেতনার মিশ্র প্রতীকে পরিণত হয়েছে—মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

বিভাগ-খ

(উপন্যাস)

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ৪। 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে কাহারদের জীবন ও সংস্কৃতির যে পরিচয় পাওয়া যায়, তা নিজের ভাষায় প্রকাশ করো। ১৫

অথবা,

'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে পাখি, নসুবালা ও কালোশশী চরিত্র উপস্থাপনের প্রয়োজন ও গুরুত্ব নির্দেশ করো। ১৫

Please Turn Over

৫। 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে উপকাহিনি সন্নিবেশের সার্থকতা বিচার করো।

অথবা,

'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে মৃত্যুচেতনার অমোঘ ছায়া সম্পর্কে আলোচনা করো।

৬। 'শুধু প্রকৃতি নয়, একেবারে নিম্নবর্গীয় সমাজের প্রান্তিক মানুষদের জীবনচর্যার অসাধারণ আলেখ্য আরণ্যক উপন্যাস।' — মন্তব্যটি যৌক্তিকতা বিচার করো।

অথবা,

আরণ্যক উপন্যাস অবলম্বনে অপ্রধান চরিত্রসৃষ্টিতে লেখকের কৃতিত্বের পরিচয় দাও।

৭। 'লালসালু' উপন্যাসের 'চির নীরব মাজার'-এর প্রতীকী তাৎপর্য নির্ণয় করো।

অথবা,

'লালসালু' উপন্যাসের জমিলা প্রতিবাদী চরিত্র। তার প্রতিবাদের মধ্যে ঔপন্যাসিকের জীবনদৃষ্টির প্রতিফলন কীভাবে ঘটেছে, তা স্পষ্ট করে।

4(D)

M.A./Pt.-I/BNG/P-IV/DODL/15

২০১৫

বাংলা

চতুর্থ পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

বিভাগ-ক

(আধুনিক বাংলা কবিতা)

পর্যায় : ১-৩

- ১। যতীন্দ্রনাথের ঈশ্বর শিব শুধু মানবিক নন, তিনি দীন মানুষে পরিণত।— পাঠ্যকবিতা অবলম্বনে মন্তব্যটির সারবত্তা বিচার করো।

৭+৮

অথবা

‘মনোরমা’ কবিতাটির রসগ্রাহী আলোচনা করে কবি যতীন্দ্রনাথ সেনগুপ্তের প্রেমচেতনার স্বরূপ নির্ণয় করো। ১৫

- ২। জীবনানন্দের কবিতায় প্রেমচেতনা ও ইতিহাসচেতনা কিভাবে অবিচ্ছিন্ন হয়ে অভিনব রূপ ধারণ করেছে ‘বনলতা সেন’ কবিতা অবলম্বনে তা আলোচনা করো। ১৫

অথবা

জীবনানন্দের ‘শিকার’ কবিতার দুটি স্তবকে ‘ভোর’-এর যে দুই ধরনের চিত্র আঁকা হয়েছে তার পরিচয় দাও। প্রসঙ্গত কবির চিত্রধর্মী রচনাকুশলতা সম্পর্কে আলোকপাত করো।

[Turn over]

- ৩। 'উটপাখি' কবিতাটিতে সুধীন্দ্রনাথ দত্তের জীবনচেতনার প্রতিফলন কীভাবে ব্যক্ত হয়েছে তা উদাহরণসহ আলোচনা করো। ১৫

অথবা

'চিন্কাই সকাল' কবিতাটির সৌন্দর্য বর্ণনায় বুদ্ধদের বসুর বিশিষ্ট কাব্যাদর্শ কীভাবে মূর্ত হয়েছে তা বিশ্লেষণ করো।

বিভাগ-খ

(উপন্যাস)

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ৪। 'হাঁসুলী বাঁকের উপকথা'— উপন্যাসের সূচনা ও পরিণতি রচনায় ঔপন্যাসিক তারাশঙ্করের উপন্যাস গঠনের কৃতিত্ব কিভাবে প্রকাশিত হয়েছে তা বুঝিয়ে দাও। ১৫

অথবা

'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে নায়ক কে— করালী না বনোয়ারী? উপন্যাসের অগ্রগতির সঙ্গে সঙ্গে এই নায়কত্বের অবস্থানের পরিবর্তন হয়েছে কী-না তা যুক্তি দিয়ে প্রতিষ্ঠা করো।

- ৫। মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে পুতুল কে? পুতুলওয়ালাই-বা কে? উপন্যাসের নামকরণের দিকে লক্ষ্য রেখে প্রশ্নটি আলোচনা করো। ১৫

অথবা

'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে মতি-কুমুদ উপাখ্যানের গুরুত্ব বিচার করো।

- ৬। 'আরণ্যক' ভ্রমণবৃত্তান্ত বা ডায়েরী নহে— উপন্যাস'— লেখকের এই অভিমতটি পর্যালোচনা করো। ১৫

অথবা

'আরণ্যক' উপন্যাসে লোকায়ত জীবনসংস্কৃতি কীভাবে ফুটে উঠেছে আলোচনা করো।

- ৭। 'লাল সালু' উপন্যাসের লেখক সৈয়দ ওয়ালীউল্লাহ কীভাবে একটি প্রাচীন কবরকে অবলম্বন করে শঠতার ইতিহাস রচনা করেছেন সংক্ষেপে তার বিবরণ দাও। ১৫

অথবা

'লাল সালু' উপন্যাসের ভাষাশৈলীর বিশিষ্টতা কোথায়? এ বিষয়ে তোমার অভিমত যুক্তিসহ আলোচনা করো।

২০১৬

বাংলা

চতুর্থ পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

বিভাগ-ক

(আধুনিক বাংলা কবিতা)

পর্যায় : ১-৩

- ১। যতীন্দ্রনাথ সেনগুপ্তকে 'দুঃখবাদী' কবিরূপে অভিহিত করা যুক্তিযুক্ত কিনা বিচার করো। ১৫

অথবা

'ঘুমের ঘোরে' কবিতায় উচ্চারিত 'প্রেম বলে কিছু নাই' শেষ পর্যন্ত কবির অভিজ্ঞতায় সত্য হয়েছিল কিনা আলোচনা করো।

- ২। সনেট কাকে বলে? জীবনানন্দ দাশের 'আবার আসিব ফিরে' সনেটে কবির প্রকৃতিপ্ৰীতি ও ঐতিহ্যপ্ৰীতি কীভাবে প্রকাশ পেয়েছে, দেখাও। ১৫

অথবা

'আমরা কি তিমির বিলাসী?' কবির এই প্রশ্ন ও আত্মসমীক্ষা 'তিমির হননের গান' কবিতায় যেভাবে পাও, বিবৃত করো।

- ৩। 'শাস্ত্রী' বাংলা প্রেমের কাব্যধারায় এক অনন্য রচনা— আলোচনা
করো। ১৫

অথবা

বিষ্ণু দে-র 'ঘোড়সওয়ার' কবিতাটি প্রেমের নাকি বিদ্রোহের
রূপক?— আলোচনা করো।

বিভাগ-খ

(উপন্যাস)

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ৪। আঞ্চলিক উপন্যাস কাকে বলে? 'হাঁসুলী বাঁকের উপকথা' আঞ্চলিক
নাকি এপিক নভেল— যুক্তিসহ বিচার করো। ৩+১২=১৫

অথবা

'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে বৈধ ও অবৈধ প্রেমের যে ছবি
ফুটে উঠেছে, তার প্রাসঙ্গিকতা ব্যাখ্যা করো।

- ৫। 'শরীর! শরীর! তোমার মন নাই কুসুম?'— এই উক্তির আলোকে
শশী ও কুসুমের সম্পর্ক প্রসঙ্গে আলোকপাত করো। ১৫

অথবা

'যুক্তিবাদী মানিক 'পুতুলনাচের ইতিকথা'-য় নিয়তিবাদী হয়েছেন।
— দৃষ্টান্তসহ মন্তব্যটি আলোচনা করো।

- ৬। প্রকৃতিপ্রেমিক বিভূতিভূষণকে সম্পূর্ণভাবে 'আরণ্যক' উপন্যাসে
পাওয়া যায়— মন্তব্যটি যথাযথ কিনা বিচার করো। ১৫

অথবা

‘আরণ্যক’ উপন্যাসে দুটি আশ্চর্য চরিত্র কুন্তী ও ভানুমতী। — এদের অনন্যতা কোথায় নির্দেশ করো।

৭। ‘লাল সালু’ উপন্যাসে মজিদ চরিত্রের গুরুত্ব নির্দেশ করো। ১৫

অথবা

‘লাল সালু’ উপন্যাসে সৈয়দ ওয়ালীউল্লাহর সমাজবীক্ষা যেভাবে প্রকাশিত হয়েছে তা আলোচনা করো।

২০১৭
বাংলা
চতুর্থ পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

বিভাগ—ক
(আধুনিক বাংলা কবিতা)
পর্যায় : ১ - ৩

- ১। রবীন্দ্র পরবর্তী কবি হিসেবে যতীন্দ্রনাথ সেনগুপ্তের বৈশিষ্ট্য নিরূপণ
করো। ১৫

অথবা

‘বেদেনী’ কবিতায় বেদেনীর জীবনের বেদনা ও বন্ধনমুক্তি এই দুটি
দিক কীভাবে রূপায়িত হয়েছে বুঝিয়ে দাও।

- ২। প্রেমের কবিতা হিসেবে ‘বনলতা সেন’-এর সার্থকতা বিচার করো।
১৫

অথবা

‘আট বছর আগের একদিন’ কবিতাটিতে আধুনিক মানুষের অস্তিত্বের
সংকটই প্রতিফলিত।— মন্তব্যটি বিশ্লেষণ করো।

- ৩। ‘পিপাড়ে’ কবিতার নিরিখে অমিয় চক্রবর্তীর কবিমানসের পরিচয়
দাও। ১৫

অথবা

‘ভিলানেল’ শব্দটির উৎস কী? বিষ্ণু দে’র এই নামের কবিতার
শিল্পমূল্য নির্ধারণ করো।

[Turn over]

বিভাগ—খ

(উপন্যাস)

(যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।)

- ৪। উপকথা কাকে বলে? 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের নামকরণ কতখানি সঙ্গত হয়েছে তা বিচার করো। ৩+১২

অথবা

'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের নবীন ও প্রসীর্ণের দ্বন্দ্বের বিষয়টি ব্যাখ্যা করো। ১৫

- ৫। 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের নায়ক শশীর অন্তর্দ্বন্দ্ব ও আত্মানুসন্ধানের সম্যক পরিচয় দাও। ১৫

অথবা

'পুতুলনাচের ইতিকথা'য় মৃত্যুঘটনাগুলির উপস্থাপনা উপন্যাসে কোন্ তাৎপর্য বহন করছে তা বুঝিয়ে দাও। ১৫

- ৬। 'আরণ্যক' উপন্যাসের শিরোনাম কতখানি সঙ্গতিপূর্ণ তা আলোচনা করে দেখাও। ১৫

অথবা

'আরণ্যক'-এ সত্যচরণ চরিত্রের গুরুত্ব নির্ণয় করো।

- ৭। 'লাল সালু' উপন্যাসের অপ্রধান চরিত্রের ভূমিকা ব্যাখ্যা করো। ১৫

অথবা

'লাল সালু' উপন্যাসের রহিমা ও জমিলা চরিত্র দুটির তুলনামূলক আলোচনা করো।